



A Great Video News Portal From Bangladesh
ctvnews24.com

ইন্টারনেট সংযোগ করে বিশ্বের যে কোনো প্রান্ত থেকে আপনার কম্পিউটার
ল্যাপটপ, ট্যাব অথবা মোবাইল ফোনে সিটিভি নিউজ দেখুন।
Email: taposcomilla@gmail.com

কুমিল্লা ভ্যাট কমিশনারেটের ছয় জেলায় চলছে ‘ভ্যাট ওয়ান স্টপ সেবা সপ্তাহ’

ctvnews24.com/কুমিল্লা-ভ্যাট-কমিশনারেট/

March 3, 2021



সিটিভি নিউজ।। মো: এমদাদুল হক সোহাগ সংবাদদাতা জানান=== কুমিল্লা, চাঁদপুর, ব্রাহ্মণবাড়িয়া, ফেনী, নোয়াখালী ও লক্ষ্মীপুর জেলা নিয়ে গঠিত কুমিল্লা কাস্টমস এক্সাইজ ও ভ্যাট কমিশনারেটের উদ্যোগে ‘ভ্যাট ওয়ান স্টপ সেবা সপ্তাহ’ পালিত হচ্ছে। দেশের সাধারণ মানুষ এখনো মূল্য সংযোজন কর (ভ্যাট) ও ভ্যাটের ব্যবহার সম্পর্কে সম্পূর্ণ অবহিত নয়। ভ্যাট বর্তমানে দেশের সর্ববৃহৎ কর ব্যবস্থা। এ বছর ভ্যাট থেকে ১,২৮,৮৭৩ কোটি টাকা আদায়ের লক্ষ্যমাত্রা নির্ধারিত হয়েছে। সংগৃহীত অর্থ পদ্মা সেতুর মতো মেগা প্রকল্প, মেট্রো রেল, ট্যানেল, ব্রীজ, কালভার্ট ও মহাসড়ক নির্মিত হচ্ছে। আমাদের দেশে ১৯৯১ সালে ভ্যাট ব্যবস্থা চালু হলেও শিক্ষিত জনগোষ্ঠীর সবাই ভ্যাট সম্পর্কে স্বচ্ছ ধারণা রাখেন না। নতুন ভ্যাট আইন ২০১২ সম্পর্কে অনেকেই আরো স্পষ্ট করে জানতে চান। নতুন ভ্যাট আইন বিষয়ে নাগরিকদের জানাতে ও সচেতন করতে এক ব্যতিক্রমী পদক্ষেপ গ্রহণ করেছে কাস্টমস, এক্সাইজ ও ভ্যাট কমিশনারেট, কুমিল্লা। ‘ভ্যাট ওয়ান স্টপ সেবা সপ্তাহ’ নামে এই কর্মসূচি শুরু হয়েছে ২৮ ফেব্রুয়ারী থেকে। শেষ হবে ৪ মার্চ। মুজিব বর্ষের অঙ্গীকার ইএফডিতে এনবিআর এ স্লোগানকে প্রান্তিক পর্যায়ে জনপ্রিয় করার জন্য কুমিল্লা টিম এ আয়োজন করেছে।

ওয়ান স্টপ সেবা সপ্তাহকে কেন্দ্র করে কমিশনারেটের গৃহীত পদক্ষেপ গুলো হচ্ছে স্থানীয় মার্কেট ও লোকালয়ে মাইকিং করে প্রচারণা, করদাতা অংশীজনের কাছে বাস্ক এসএমএস প্রেরণ করা, প্রতি বুথে একজন রাজস্ব কর্মকর্তা ও দুইজন সহকারী রাজস্ব কর্মকর্তা এই সেবা প্রদানে নিয়োজিত, স্থানীয় ও জাতীয় পত্রিকায় এবং স্থানীয় ক্যাবল অপারেটরের মাধ্যমে প্রচারণা, করদাতাদের উদ্বুদ্ধ করতে সৌজন্য কলম, প্যাড ও উপহার সামগ্রী প্রদান, করদাতা সচেতনতায় ফেসবুক ফেইজবুক প্রচারণা, অনলাইন নিবন্ধন ও রিটার্ন দাখিল সম্পর্কিত তথ্যাদি প্রদান,

নতুন ভ্যাট আইন বিষয়ে ব্যবসায়ীসহ সকল স্তরের জনগণের নানান জিজ্ঞাসার উত্তর দেয়া, দেশব্যাপী ইএফডি মেশিন সম্পর্কে ধারণা প্রদান, প্রতিটি বিভাগ এবং সার্কেলে প্রতিদিনের কাজ প্রতিদিন কুমিল্লা সদর দপ্তর থেকে সার্বক্ষণিক মনিটরিং, সাময়িক অপারগতায় যে কোন সমস্যা তাৎক্ষণিক সমাধানের জন্যে সদর দপ্তরে যোগাযোগ, প্রতিটি জেলার বিখ্যাত ও দৃশ্যমান সুপার মার্কেট, বিপণি বিতান বা উপযুক্ত স্থানে সকাল ১০:০০ টা থেকে বিকাল ০৪:০০ টা পর্যন্ত অংশীজন সেবা প্রার্থীদেরকে সেবা প্রদান করা হচ্ছে। তাছাড়া প্রত্যেক বুথে একজন রাজস্ব কর্মকর্তার নেতৃত্বে দুইজন সহকারী রাজস্ব কর্মকর্তা উপস্থিত থেকে সেবা প্রদান করছেন।

কুমিল্লা কাস্টমস এক্সাইজ ও ভ্যাট কমিশনার মোহাম্মদ বেলাল হোসাইন চৌধুরী বলেন, করোনা কালেও কুমিল্লা কাস্টমস নৈপুণ্যতা দেখিয়েছে। সারা দেশে পরপর ছয়বার অনলাইন রিটার্ন দাখিলে চ্যাম্পিয়ন হয়েছে। ভ্যাট ও ভ্যাট আইন সম্পর্কে সকলকে অবহিত করার জন্য আমরা কাজ করে যাচ্ছি। আমরা ভ্যাট ওয়ান স্টপ সেবা সপ্তাহের মাধ্যমে এক সাথে অনেকগুলো সেবা প্রদান করতে পারছি। তিনি বলেন, ঢাকায় একজন ব্যক্তি একশ টাকার পন্য কিনে মাত্র ১৫ টাকা ভ্যাট দিয়ে ৫০ হাজার টাকা পুরস্কার জিতেছেন। ভ্যাট দিয়ে এখন পুরস্কারও পাওয়া যায়, এ বিষয়গুলো হয়ত অনেকেই জানেন না। ভ্যাট ওয়ান স্টপ সেবা সপ্তাহের মাধ্যমে আমরা জনগণকে এই মেসেজগুলোও দিচ্ছি।

সংবাদ প্রকাশঃ ০৩-৩-২০২১ইং । (সংবাদটি গুরুত্বপূর্ণ মনে হলে দয়া করে ফেসবুকে লাইক বা শেয়ার করুন) (If you think the news is important, please share it on Facebook or the like সিটিভি নিউজ@,CTVNEWS24 এখানে ক্লিক করে সিটিভি নিউজের সকল সংবাদ পেতে আমাদের পেইজে লাইক দিয়ে আমাদের সাথে থাকুন। সিটিভি নিউজ।। See More =আরো বিস্তারিত জানতে লিংকে ক্লিক করুন=